

পশ্চিমবঙ্গ সরকার
মহকুমা শাসকের করন
মহকুমা শাসক তেহট্ট, নদীয়া
'প্রকাশ্য নিলাম বিক্রয় নোটিশ'

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, আগামী ইং ১৬/০৬/২০১৫ তারিখ, বেলা ১২ ঘটিকায়, কৃষ্ণনগরস্থ নদীয়া জেলা পরিষদের দ্বিতল সভাকক্ষে নিম্নবর্ণিত ফেরী ঘাটটির আগামী ৩ বৎসর সময়ের জন্য নিলামের ডাক অনুষ্ঠিত হইবে। যাহারা নিলাম বিক্রয়ে অংশগ্রহণ করিতে ইচ্ছুক, তাহারা ওই দিন ওই সময় নিলাম বিক্রয়ে উপস্থিত থাকিতে পারিবেন। ঐ নিলাম ডাকে প্রত্যেক অংশ গ্রহকারীকে ডাকের ১ ঘণ্টা পূর্বে জামানত হিসাবে নিম্নে উল্লিখিত টাকা জমা দিতে হবে, যাহা নিলামের পর শর্ত সাপেক্ষে ফেরত যোগ্য। নিলামে অংশ গ্রহকারী ব্যক্তি কখনোই এই অফিসের কর্তৃক সংরক্ষণ মূল্যের কম ডাক দিতে পারবেন না। সংরক্ষিত মূল্যের থেকে কম ডাক দিলে সেই ব্যক্তি আর নিলামে অংশ গ্রহণ করতে পারবেন না ও তার জামানতের টাকাও তৎক্ষণাৎ বাজেয়াপ্ত হইবে।

সর্বোচ্চ ডাককারী, ডাকের পর অনুমোদিত প্রথম বছরের ডাকের অর্ধেক টাকা তৎক্ষণাৎ জমা দিতে বাধ্য থাকিবেন, নতুবা তাঁর জামানতের পুরো টাকা তৎক্ষণাৎ বাজেয়াপ্ত করা হইবে। প্রথম বছরের বাকি অর্ধেক টাকা পরবর্তী সাতদিনের মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে টাকা প্রদান না করিলে নিম্ন স্বাক্ষরকারী অঙ্গীকার পত্র বাতিল করিতে বাধ্য থাকিবেন।

সর্বোচ্চ ডাককারী, যদি, প্রথম বছরের অনুমোদিত ডাকের অর্ধেক অর্থ ডাকের দিন ডাক শেষ হওয়ার ১ ঘণ্টার মধ্যে জমা দিতে না পারেন, তবে জামানতের পুরো টাকা বাজেয়াপ্ত হবে, ও সর্বোচ্চ ডাককারীকে বাতিল করে পরবর্তী সর্বোচ্চ ডাক কারীকে গ্রাহ্য করা হইবে এবং তাহার ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হইবে।

সর্বোচ্চ ডাককারী ঘাট নেওয়ার প্রথম বছর শেষ হওয়ার ১৫ দিন পূর্বে দ্বিতীয় বছরের জন্য অনুমোদিত ডাকের সম্পূর্ণ টাকা মিটিয়ে দিতে বাধ্য থাকিবেন। তিনি যদি এই টাকা নির্ধারিত দিনের মধ্যে জমা দিতে না পারেন তবে তার অঙ্গীকার পত্র বাতিল করা হবে ও দ্বিতীয় ও তৃতীয় বছরের জন্য নতুন করে ঘাট নিলাম হবে। তৃতীয় বছরের জন্য অনুমোদিত ডাকের টাকা দ্বিতীয় বছর শেষ হওয়ার ১৫ দিন পূর্বে সম্পূর্ণ ভাবে জমা না পড়িলেও একই নিয়ম প্রযোজ্য হবে।

অনুমোদিত সর্বোচ্চ ডাককারী ফেরী ঘাটের দখল বুঝিয়া পাইবার পর, বর্তমানে যে নির্ধারিত মূল্যে ফেরী পারাপার করা হয় সেই মূল্য তালিকা অনুযায়ী পারাপার করিতে বাধ্য থাকিবেন ও নিম্ন স্বাক্ষরকারীর অনুমতি ব্যতীত মূল্য বৃদ্ধি করিতে পারিবেন না। প্রত্যেক অংশ গ্রহন কারীকে কমপক্ষে ১৮ বৎসর বয়সী হইতে হইবে। ডাকে অংশ গ্রহন কারী তাহার ভারতীয় নাগরিকত্বের প্রমাণ পত্র পরীক্ষার জন্য দেখাইতে বাধ্য থাকিবেন।

সর্বোচ্চ নিলাম ডাক কোন রকম কারণ না দর্শাইয়া বাতিল করিবার ক্ষমতা এই মহকুমা করণ কর্তৃ পক্ষের থাকিবে।

সম্পত্তির বিবরণ	সরকারি ডাকের নির্ধারিত মূল্য	জামানতের মূল্য
তেহট্ট চকবিহারী ফেরীঘাট	প্রথম বছরের জন্য- ১৯.৩৫ লক্ষ টাকা (উনিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) দ্বিতীয় ও তৃতীয় বছরের জন্য ২% হারে ডাকের বৃদ্ধি হবে।	৫০ হাজার টাকা মাত্র (পঞ্চাশ হাজার টাকা মাত্র।)

এই নোটিশ সর্ব সাধারণের মধ্যে ব্যাপক প্রচারের জন্য জ্ঞাপিত করা হচ্ছে

মহকুমা শাসক তেহট্ট

ও

সভাপতি, তেহট্ট চকবিহারী ফেরিঘাট কমিটি

স্মারক সংখ্যা :- 121/1(21)/TS/CA.

তারিখ :- ০৪/০৬/২০১৫

অনুলিপি জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের জন্য প্রেরিত হল :-

- ১) জেলাশাসক নদীয়া :-
- ২) অতিরিক্ত জেলাশাসক (উন্নয়ন) নদীয়া :-
- ৩) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, নদীয়া জেলা পরিষদ :-
- ৪) অতিরিক্ত জেলা শাসক, (ভূমি ও ভূমি সংস্কার) নদীয়া :-
- ৫) জেলা পরিকল্পনা আধিকারিক, নদীয়া :-
- ৬) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, নদীয়া :-
- ৭) মহকুমা ভূমি ও ভূমিসংস্কার আধিকারিক, তেহট্ট
- ৮-৯) সমষ্টি উন্নয়ন আধিকারিক, তেহট্ট - ১/ তেহট্ট-২নং ব্লক :-

- ১০-১১) সভাপতি, তেহট্ট ১-নং /তেহট্ট ২নং পঞ্চায়েত সমিতি
- ১২-১৩) সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, তেহট্ট ১ নং/ ২নং ব্লক
- ১৪) ভারপ্রাপ্ত আধিকারিক, তেহট্ট থানা
- ১৫) রেজিস্ট্রি অফিস, পলাশী পাড়া
- ১৬-১৭) কৃষি উন্নয়ন আধিকারিক, তেহট্ট ১ নং /২নং ব্লক
- ১৮-১৯) প্রধান, -----গ্রাম পঞ্চায়েত
- ২০-২১) পোষ্ট অফিস তেহট্ট /পলাশীপাড়া

মহকুমা শাসক, তেহট্ট

ও

সভাপতি, তেহট্ট চকবিহারী ফেরিঘাট কমিটি